# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**21 MARCH 2026** **7:45—7:55**

---

(১) আসাম বিধানসভা নির্বাচনের জন্য ভারতীয় জনতা পার্টির দ্বিতীয় প্রার্থী তালিকা প্রকাশ/

(২) আসন্ন বিধানসভা নির্বাচনের পরিপ্রেক্ষিতে জেলায় জেলায় নিরাপত্তা ব্যবস্থা জোরদার/ বিভিন্ন রাজনৈতিক দলের প্রচার অভিযান ও মনোনয়ন পত্র দাখিলের প্রক্রিয়া অব্যাহত/

(৩) সমগ্র দেশের সঙ্গে বরাক উপত্যকায়ও উৎসাহ ও উদ্দীপনায় ঈদ-উল-ফিতর উদযাপন/

(৪) আজ বিশ্ব কবিতা দিবসে নানা স্থানে বিভিন্ন অনুষ্ঠান/

এবং

(৫) অর্লেন্স মাস্টার্স ব্যাডমিন্টন প্রতিযোগিতার মহিলাদের সেমি ফাইনালে আসামের ঈষারাণী বড়ুয়া এবং থাইল্যান্ডের পিটসামন অপাটনিপুথ পরস্পরের মুখোমুখি/

---

আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য ভারতীয় জনতা পার্টি আজ তাদের দ্বিতীয় প্রার্থী তালিকাটি প্রকাশ করেছে । প্রকাশিত তালিকা অনুসারে দলগাঁও আসনের জন্য শ্রীমতি কৃষ্ণা সাহাকে বিজেপি প্রার্থী করেছে । অন্যদিকে সিসিবরগাঁও আসনে জীবন গগৈকে প্রার্থী করা হয়েছে ।

---

আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য রাজ্যের প্রতিটি জেলায় নিরাপত্তা ব্যবস্থা জোরদার করে তোলা হয়েছে । এদিকে বিভিন্ন রাজনৈতিক দলের প্রচার অভিযান এবং প্রার্থীদের মনোনয়ন পত্র দাখিলের প্রক্রিয়াও অব্যাহত রয়েছে । আগামী সোমবার মনোনয়ন পত্র দাখিলের শেষ দিন । সমগ্র রাজ্যের বিভিন্ন বিধানসভা আসনে গতকাল ১০৯ জন প্রার্থী মনোনয়ন পত্র জমা দিয়েছেন । এপর্যন্ত ১১৬ জন প্রার্থী মনোনয়ন পত্র দাখিল করেছেন । বিজেপির রাজ্য সভাপতি দিলীপ শইকিয়া মুদৈবড়ীতে এবং বিজেপি নেতা তথা রাজ্যের মন্ত্রী পীযূষ হাজারিকা জাগীরোডে দলীয় মন্ডল কার্যালয়ের উদ্বোধন করেছেন । অন্যদিকে কংগ্রেস দলের নেতা গৌরব গগৈ আজ মাজুলীতে প্রচার অভিযানে আংশ নেন । বাক্সা জেলার মানাহ্ বিধানসভা আসনের ইউ পি পি এল দলের প্রার্থী জৌশ্রা ব্রহ্ম আজ তার এলাকার বিভিন্ন স্থানে নির্বাচনী প্রচার চালান ।

এদিকে এস ইউ সি আই (সি) দল গতকাল পাঁচটি আসনে মনোনয়ন পত্র জমা দেবার পর আজ তাদের নির্বাচনী প্রচার শুরু করে দিয়েছে । শিলচর, ধলাই, বড়খলা, কাটিগড়া ও উধারবন্দ আসনে মনোনয়ন পত্র দাখিলের পর এস ইউ সি আই (সি) দলের প্রার্থীরা নিজ নিজ এলাকায় সভা-সমিতি করে জনমত আকর্ষিত করার প্রয়াস করছেন ।

---------------------------------------------------------------------------------------------

আগামী নয়ই এপ্রিল আসামে বিধানসভা নির্বাচনের দিন ঘোষণা হওয়ার পর দেশের নির্বাচন কমিশন নির্বাচনী প্রচারের ক্ষেত্রে কঠোর নির্দেশনা জারি করেছে । বিশেষ করে সামাজিক মাধ্যমে চালানো প্রচার এবং ভূঁয়ো খবরের প্রচার রোধ করতে নির্বাচন কমিশন বিশেষ তৎপরতা প্রদর্শন করছে । কমিশন স্পষ্ট করে দিয়েছে যে- কোনো রাজনৈতিক দল বা প্রার্থীদের টি ভি, রেডিও, ই-পেপার, বাল্ক এস এম এস এবং কোনো সামাজিক মাধ্যমের দ্বারা বিজ্ঞাপন প্রকাশ করার পূর্বে তাদেরকে মিডিয়া সার্টিফিকেশন এন্ড মনিটরিং কমিটি-- এম সি এম সি'র'র কাছ থেকে আগে বাধ্যতামূলকভাবে অনুমতি নিতে হবে । এই নির্দেশ লংঘন করা হলে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে বলেও জানানো হয়েছে । বিধানসভা নির্বাচনে প্রতিদ্বন্দিতা করা প্রত্যেক প্রার্থীকে মনোনয়ন পত্র দাখিলের সময় তাদের ব্যবহার করা প্রতিটি সামাজিক মাধ্যমের অ্যাকাউন্টের সঠিক তথ্য শপথনামায় উল্লেখ করা বাধ্যতামূলক করা হয়েছে । প্রার্থীদের অনলাইন কাজকর্মের উপর নজর রাখা এবং ভূঁয়ো প্রচার বন্ধ করার জন্য নির্বাচন কমিশন এই ব্যবস্থা গ্রহণ করেছে । নির্বাচনের সময়ে সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়া ভূঁয়ো খবর এবং পেইড নিউজ প্রতিরোধ করতে জেলা পর্যায়ে এম সি এম সি ২৪ ঘণ্টা সতর্ক দৃষ্টি রাখবে ।

--------------------------------------------------------------------------------------------------------

কাছাড়ের জেলা উন্নয়ন আয়ুক্ত তথা নমিনেশন সেলের ভারপ্রাপ্ত আধিকারীক এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে কাছাড়ের সাতটি বিধানসভা আসনের জন্য মনোনয়ন পত্র জেলা আয়ুক্তের কার্য্যলয়ে এবং উন্নয়ন ভবনে গ্রহন করা হবে । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে ১১৪ নম্বর লক্ষীপুর বিধানসভা আসন , ১১৫ নম্বর উধারবন্দ ও ১১৯ নম্বর সোনাই বিধানসভা আসনের প্রার্থীদের মনোনয়ন পত্র জেলা আয়ুক্তের কার্য্যলয়ের মূল ভবনে গ্রহন করা হচ্ছে । এছাড়া ১১৬ কাটিগড়া , ১১৭ বড়খলা , ১১৮ শিলচর এবং ১২০নম্বর ধলাই বিধানসভা আসনের মনোনয়ন পত্র উন্নয়ন ভবনে গ্রহন করা হচ্ছে । আগামী ২৩শে মার্চ বিকেল তিনটে পর্য্যন্ত মনোনয়ন পত্র গ্রহন করা হবে ।

--------------------------------------------------------------------------------------------------------

পবিত্র রমজান মাসের শেষে ইসলাম ধর্মালম্বীরা আগামীকাল ঈদ - উল ফিতর পালন করবেন । কেন্দ্রীয় হিলাল কমিটি একথা ঘোষনা করেছে ।

রমজানমাসের একমাসব্যাপী কঠোর ব্রত পালনের পর সমগ্র দেশর সংগে আসাম তথা বরাক উপত্যকায় ও আগামীকাল পবিত্র ঈদ উল ফিতর পালন করা হবে ।

কাছাড় জেলায় ও এ উপলক্ষে উৎসাহ উদ্দীপনা পরিলক্ষিত হচ্ছে । শিলচর শহরের প্রধান ঈদগাহ ইটখলা ময়দানে ঈদের নামাজ সকাল ৯ টায় অনুষ্ঠিত হবে ।মসজিদ কমিটির পক্ষ থেকে উসমান মজুমদার জানিয়েছেন যে এবার ও ঈদের নামাজ পরিচালনা করবেন শিলচর বড় মসজিদের প্রধান মওলানা সাব্বির আহমেদ লস্কর ।

শিলচর কলেজ রোডের ফেসাই মিয়া ঈদগাহে ঈদের নামাজ সকাল সাড়ে ৮ টায় অনুষ্ঠিত হবে ।

মেহেরপুর ঈদগাহে সকাল সাড়ে ৮ টায় ঈদের নামাজ অনুষ্ঠিত হবে । এদিকে জেলার সোনাবাড়িঘাট নুরুল হক চৌধুরী ঈদগাহ , ধনেহরি , পূর্ব সোনাই কচুদরম বাজার ঈদগাহে প্রায় একই সময়ে ঈদের নামাজ অনুষ্ঠিত হবে ।

শ্রীভূমি জেলায় ও ইসলামধর্মা লম্বীদের পবিত্র এই উৎসবকে কেন্দ্রকে ব্যাপক প্রস্তুতি সম্পন্ন হয়েছে ।করিমগঞ্জ টাউন ঈদগাহে সকাল ৯ টায় ঈদের নামাজ অনুষ্ঠিত হবে । নামাজ পরিচালনা করবেন মওলানা মুফতি মাহবুবুল আলন কাসিমী । অন্যদিকে ঐতিহ্যবাহী শ্রীগৌরী উমরপুর ঈদগাহে সকাল সাড়ে ৮ টায় ঈদের নামাজ অনুষ্ঠিত হবে । নামাজ পরিচালনা করবেন উত্তরপূর্ব ভারতের আমিরে শরীয়ত মওলানা ইউসুফ আলী ।এছাড়া ও জেলার অন্যান্য স্থানের ঈদগাহগুলিতে ও ঈদের নামাজের আয়োজন করা হয়েছে ।

হাইলাকান্দি জেলায় ও আগামীকাল পবিত্র ঈদ উল ফিতর উপলক্ষে উৎসবের মেজাজ পরিলক্ষিত হচ্ছে ।জেলার বিভিন্ন ঈদগাহগুলিতে নামাজের আয়োজন করা হয়েছে ।প্রশাসনের পক্ষ থেকে শান্তিপূর্নভাবে এই উৎসব উদযাপনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ।

--------------------------------------------------------------------------------

আজ বিশ্ব কবিতা দিবস । প্রতি বছরের মতো এবারও সমগ্র বিশ্বে এই দিবস বিভিন্ন কার্যসুচির মাধ্যমে পালন করা হচ্ছে । এর অঙ্গ হিসেবে ডমিনিকান রিপাব্লিক আয়োজিত অনলাইন বিশ্ব কবিতা মহোৎসবে আজ আসামের ছ'জন বিশিষ্ট কবি অংশগ্রহণ করেছেন । অনুষ্ঠানটি সরাসরি প্রচার করার পাশাপাশি আর্জেন্টিনার রাজধানী শহর বুয়েন্স আয়ার্স থেকে ২৪ ঘন্টা জুড়ে অনুষ্ঠানটি সম্প্রচার করা হচ্ছে । এতে আসামের ছ'জন কবির কবিতা আধঘন্টা সম্প্রচার করা হয়েছে । রাজ্যের বিশিষ্ট কবি রাজীব বড়ুয়া, ডঃ এম. কামাল উদ্দিন আহমেদ, কুশল দত্ত, বর্ণালী বরগোঁহাই এবং ডঃ বিজয় শঙ্কর বর্মণ আসামের প্রতিনিধিত্ব করেছেন । বিশ্বের বিভিন্ন দেশের কবিরা একটি মঞ্চে সমবেত হওয়া এই মহোৎসবের পঞ্চম সংস্করণের বিষয় হচ্ছে- বিশ্বের জন্যে ন্যায় এবং সৌন্দর্য । ৫২টি দেশের ৪৯টি ভাষার এবং অন্যান্য গোষ্ঠীর ৩৮৪ জন কবি এই অনুষ্ঠানে অংশ নিয়েছেন । আজ বেলা একটা থেকে আসামের কবিদের কবিতা ফেসবুক, ইউ টিউব এবং অন্যান্য মাধ্যম যোগ প্রচার করা হয় । উল্লেখ্য- বিভিন্ন ভাষা, সংস্কৃতি এবং মহাদেশের মধ্যে মানবিক সমন্বয় ও সম্প্রীতির মনোভাব বিকশিত করার পাশাপাশি কবিতাকে ইতিবাচক শক্তির ভিত হিসেবে পরিগণিত করার জন্য এই মহোৎসবের আয়োজন করা হয়েছে ।

বরাক উপত্যকাও আজ বিভিন্ন সংস্থা সংগঠনের উদ্যোগে বিশ্ব কবিতা দিবস পালন করা হচ্ছে । বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের শিলচর শহর আঞ্চলিক সমিতির উদ্যোগে আজ দুপুরে শিলচর বঙ্গ ভবনে কবিতা উৎসবের আয়োজন করা হয়েছে । বরাক উপত্যকা নন্দিনী সাহিত্য ও পাঠচক্রের উদ্যোগে আজ সন্ধ্যায় শিলচরে কবিদের স্বরচিত কবিতা পাঠের মাধ্যমে এই দিবস উদযাপন করা হচ্ছে । কথা বাক শিল্প চর্চা কেন্দ্র- শিলচর এবং শিলচরের মধ্যসহর সাংস্কৃতিক সমিতির যৌথ উদ্যোগে গতকাল বিশ্ব কবিতা দিবসের প্রাক সন্ধ্যায় মধ্যসহর সাংস্কৃতিক সমিতির কার্যালয়ে বিশিষ্ট কবিদের কবিতা পাঠ এবং স্বরচিত কবিতা পাঠের মাধ্যমে এই দিবস

পালন করা হয়েছে । অনুরূপভাবে শ্রীভূমি ও হাইলাকান্দি জেলায়ও বিভিন্ন কার্যসূচির মাধ্যমে বিশ্ব কবিতা দিবস উদযাপন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় চলতি গ্যাসের সংকটের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসনের পক্ষ থেকে গুরুত্বপূর্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে ।সাধারণ এল পি জি গ্রাহকদের সমস্যা দ্রুত সমাধানের লক্ষে জেলা প্রশাসনের পক্ষ থেকে দুটি হেল্পলাইন নম্বর চালু করা হয়েছে । এই নম্বরগুলি হচ্ছে ৭৬৩৫৯৩৭১৯৪ এবং ৭০০২৩৫৭৭৪৭ । প্রশাসনের পক্ষ থেকে গ্যাস সিলিন্ডার সরবরাহ না হোয়া , আতিরিক্ত মূল্য আদায় , কালোবাজারি বা এই সংক্রান্ত অন্য যেকোনো অভিযোগের ক্ষেত্রে জনসাধারণকে এই নম্বর দুটিতে যোগাযোগ করতে বলা হয়েছে । এছাড়া তেল সংস্থার আধিকারিক , গ্যাস বিতরণকারী ও সংশ্লিষ্ট আধিকারিকদের অভিযোগ পেলে দ্রুত ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেওয়া হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

ফ্রান্সে আয়োজিত অর্লেন্স মাষ্টার্স বেডমিন্টন প্রতিযোগীতার মহিলা সিংগলসের একটি সেমিফাইনালে আসামের ঈষারানী বরুয়া থাইল্যান্ডের পিটসামন অপাটনিপুথর বিরুদ্ধে অবতীর্ন হবে । ঈষারানী কোয়ার্টার ফাইনালে মালবিকা ওয়ানসুড়ককে ২১-৯ , ১৫-৭ গেমে পরাজিত করে সেমিফাইনালে স্থান নিশ্চিত করে । উল্লেখ্য এই সেমিফাইনাল খেলাটি কিছুসময় পরে শুরু হবে ।

---------------------------------------------------------------------------------------------